

## কিতাবুল মোকাদ্দস, ইঞ্জিল শরীফ ও ঈসায়ী ধর্ম

বিভাগ/অধ্যায়ঃ ১৯. ঈসা মাসীহের পুনরাগমন

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

### ঈসা মাসীহের পুনরাগমন

মুসলিমগণ বিশ্বাস করেন যে, কিয়ামতের পূর্বে ঈসা মাসীহ পুনরায় আগমন করবেন। ঈসায়ী প্রচারকগণ এ বিশ্বাসের সুযোগ নিয়ে তাদের ধর্মান্তর করার জন্য বলেন: তিনি যেহেতু আসবেন, কাজেই তার প্রতি বিশ্বাস এনে প্রস্তুত হওয়াই ভাল!

সুপ্রিয় পাঠক, আপনি খৃস্টান প্রচারককে বলুন, তিনি তো আসবেন মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর উম্মাত হওয়ার সৌভাগ্য লাভ করতে এবং তাঁর বিরুদ্ধে তোমাদের মিথ্যাচারগুলি বাতিল করতে। কাজেই তোমাদের উচিত তাঁর বিরুদ্ধে মিথ্যাচার থেকে তাওবা করে মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর উম্মাত হওয়া। তিনি হয়ত বলবেন: এ কথা কোথায় আছে? আপনি বলুন, যেখানে তার পুনরাগমনের কথা আছে সেখানেই একথা আছে।

আপনি ঈসায়ী প্রচারককে জিজ্ঞাসা করুন: আপনি কোন্ পুনরাগমনে বিশ্বাস করেন? হাদীসে উল্লেখিত না ইঞ্জিলে উল্লেখিত পুনরাগমনে? যদি হাদীসে বর্ণিত পুনরাগমনে বিশ্বাস করেন তবে উপরের বিষয়গুলি বিশ্বাস করতে হবে। আর যদি ইঞ্জিলে উল্লেখিত পুনরাগমনে বিশ্বাস করেন তবে আপনাকে স্বীকার করতে হবে যে, আপনার বিশ্বাস মিথ্যা। কারণ ইঞ্জিলে বারংবার বলা হয়েছে যে, যীশুর যুগের মানুষদের এবং তার কোনো কোনো শিষ্যের মৃত্যুর আগেই তিনি পুনরাগমন করবেন। (মথি ১০/২৩, ১৬/২৭-২৮; ১ থিমলনীকীয় ৪/১৫-১৭; ১ করিন্থীয় ১৫/৫১-৫২; প্রকাশিত বাক্য ২২/১০-১১)। আর এ ভবিষ্যদ্বাণী নিশ্চিতরূপে মিথ্যা প্রমাণিত হয়েছে।

আল্লাহ বলেন: “তারা তাকে হত্যা করেনি, ক্রুশবিদ্ধও করেনি; কিন্তু তাদের এরূপ বিভ্রম হয়েছিল। .... এটা নিশ্চিত যে, তারা তাঁকে হত্যা করেনি, বরং আল্লাহ তাকে তাঁর নিকট তুলে নিয়েছেন এবং আল্লাহ পরাক্রমশালী, প্রজ্ঞাময়। কিতাবীদের মধ্যে প্রত্যেকে তাঁর মৃত্যুর পূর্বে তাঁর উপর ঈমান আনবে এবং কিয়ামতের দিন তিনি তাদের বিরুদ্ধে সাক্ষ্য দেবেন।” (৩-নিসা: ১৫৯)। তাহলে প্রত্যেক কেতাবী: ইয়াহুদী-খৃস্টানই তার মৃত্যুর পূর্বে ঈসা মাসীহের ক্রুশবিদ্ধ হয়ে অভিশপ্ত হওয়ার ভ্রান্ত বিশ্বাসের বিভ্রান্তি জানতে পারবে। আর এজন্যই ঈসা মাসীহ আবার আসবেন।

Source — <https://www.hadithbd.com/books/link/?id=11187>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন